

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৪, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ শ্রাবণ ১৪১৪ বাৎ/২৪ জুলাই ২০০৭ খ্রিঃ

নং ১৬ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৮ শ্রাবণ ১৪১৪ বাৎ মোতাবেক ২৩ জুলাই ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

বার কাউন্সিল (অস্থায়ী বিধান) অধ্যাদেশ, ২০০৭

২০০৭ সনের ১৬ নং অধ্যাদেশ

এডহক বার কাউন্সিল গঠনের বিধান প্রণয়নের লক্ষ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (P.O. No. 46 of 1972), অতঃপর “বার কাউন্সিল আদেশ” বলিয়া উল্লিখিত, এর অধীন নির্বাচনের মাধ্যমে গঠিত বার কাউন্সিল এর মেয়াদ ৩০ জুন ২০০৭ তারিখে অতিক্রান্ত হইয়াছে এবং উক্তরূপ মেয়াদান্তে উহার সদস্যগণের সদস্য পদ বিলুপ্ত হইয়াছে; এবং

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪১ক এর অধীন ঘোষিত জরুরী অবস্থা কার্যকর রহিয়াছে; এবং বিদ্যমান জরুরী অবস্থা হইতে উদ্ভূত অনিবার্য কারণবশতঃ বার কাউন্সিল আদেশ এর অনুচ্ছেদ ৮ এর বিধান অনুযায়ী ৩১ মে ২০০৭ তারিখ বা উহার পূর্বেই নির্বাচন অনুষ্ঠানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও নির্বাচনের মাধ্যমে একটি বার কাউন্সিল গঠন করা সম্ভব হয় নাই; এবং

(৭০৯১)

মূল্য : টাকা ২.০০

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, অস্থায়ী ব্যবস্থা হিসাবে এডহক বার কাউন্সিল গঠনের উদ্দেশ্যে বিধান প্রণয়নের আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও মেয়াদ।—(১) এই অধ্যাদেশ বার কাউন্সিল (অস্থায়ী বিধান) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) ধারা ৭ এর অধীন নির্বাচনের মাধ্যমে গঠিত বার কাউন্সিল দায়িত্বভার গ্রহণের সঙ্গে সঙ্গেই এই অধ্যাদেশ রহিত হইবে।

২। অধ্যাদেশের প্রাধান্য।—Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (P.O. No. 46 of 1972), অতঃপর এই অধ্যাদেশে “বার কাউন্সিল আদেশ” বলিয়া উল্লিখিত, এবং তদধীন প্রণীত বিধিতে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশের বিধানাবলী প্রাধান্য পাইবে।

৩। বিভিন্ন শব্দ ও অভিব্যক্তির অর্থ।—এই অধ্যাদেশে ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত হয় নাই এইরূপ শব্দ বা অভিব্যক্তি বার কাউন্সিল আদেশে ব্যবহৃত হইয়া থাকিলে উহা উক্ত আদেশে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থ বহন করিবে।

৪। এডহক বার কাউন্সিল গঠন ও বিলোপ।—(১) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপ-ধারা (২) ও (৩) এর বিধান সাপেক্ষে, অনূন ৯ (নয়) জন এবং অনধিক ১৫ (পনের) জন সদস্য সমন্বয়ে এডহক বার কাউন্সিল গঠন করিতে পারিবে।

(২) বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল এডহক বার কাউন্সিলের ১ (এক) জন সদস্য হইবেন এবং তিনি পদাধিকারবলে ইহার চেয়ারম্যানও হইবেন।

(৩) এডহক বার কাউন্সিলের অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি অথবা স্থানীয় আইনজীবী সমিতির সদস্যগণের মধ্য হইতে মনোনীত হইবেন।

(৪) এডহক বার কাউন্সিল ৩১ জানুয়ারি ২০০৮ পর্যন্ত কার্যকর থাকিবে।

৫। এডহক বার কাউন্সিল এর সদস্য পদে শূন্যতা।—এডহক বার কাউন্সিল বিদ্যমান থাকাবস্থায় উহার কোন সদস্যপদ শূন্য হইলে ধারা ৪ এর বিধান অনুযায়ী উক্ত পদ শূন্য হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পূরণ করিতে হইবে।

৬। এডহক বার কাউন্সিল এর ক্ষমতা ও কার্যাবলী।—এই অধ্যাদেশে জিন্মতর কোন বিধান না থাকিলে, বার কাউন্সিল আদেশ এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন নির্বাচিত বার কাউন্সিল যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্যাবলী সম্পাদন করিতে পারে, এডহক বার কাউন্সিলও সেই সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্যাবলী সম্পাদন করিতে পারিবে।

৭। বার কাউন্সিল আদেশ এর অধীন নির্বাচন, বার কাউন্সিল গঠন ও উহার মেয়াদ।—(১) বার কাউন্সিল আদেশের অনুচ্ছেদ ৮ এর বিধান অনুযায়ী ৩১ মে ২০০৭ তারিখ বা উহার পূর্বেই বার কাউন্সিল গঠনের উদ্দেশ্যে যে নির্বাচন অনুষ্ঠান নির্ধারিত ছিল উক্ত নির্বাচন ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্বাচনের মাধ্যমে গঠিত বার কাউন্সিল ১ ফেব্রুয়ারী ২০০৮ তারিখে উহার দায়িত্বভার গ্রহণ করিবে এবং ৩০ জুন ২০১১ তারিখে উহার মেয়াদের অবসান হইবে।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ০৮-০৮-১৪১৪ বঙ্গাব্দ
২৩-০৭-২০০৭ খ্রিস্টাব্দ

মোঃ ইসরাইল হোসেন

যুগ্ম-সচিব।